বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের ডিসেম্বর ২০২৩ মাসের গুরুত্বপূর্ণ কর্মকান্ডের সচিত্র প্রতিবেদন

১। **নবীন নাবিক ‘বি-২০২৩’ ব্যাচ এর শিক্ষা সমাপনী কুচকাওয়াজ**। গত ০২ ডিসেম্বর ২০২৩ সকাল ১০০০ ঘটিকায় বানৌজা শের-ই-বাংলা প্যারেড গ্রাউন্ডে নবীন নাবিক ‘বি-২০২৩’ ব্যাচের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ এ মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান, ওএসপি, এনপিপি, এনডিসি, এনসিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মনোজ্ঞ কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং চৌকস নাবিকদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

২। **ভূমিকম্প ও দূর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ**। গত ০৪ ডিসেম্বর ২০২৩ বানৌজা তিতুমীরস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ভূমিকম্প ও দূর্যোগ ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।উক্ত প্রশিক্ষণে ঘাঁটির কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।

৩। **বিএনএফডব্লিইএ খুলনা কর্তৃক মেকআপ এবং হেয়ার স্টাইল সম্পর্কে ফান্ডামেন্টাল কোর্সের সার্টিফিকেট প্রদান**। গত ০৯ ডিসেম্বর ২০২৩ বিএনএফডব্লিউএ খুলনা শাখার চেয়ারম্যান রনিমা ইকবাল বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক আয়োজিত মেকআপ এবং হেয়ার স্টাইল সম্পর্কিত ফান্ডামেন্টাল কোর্স সম্পন্নকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন।

৪। **বানৌজা তিতুমীরের কমিশনিং দিবস-২০২৩**। গত ১০ ডিসেম্বর ২০২৩ বানৌজা তিতুমীরের কমিশনিং দিবস পালিত হয়। উক্ত দিবস উপলক্ষ্যে ছদকা প্রদান, প্রীতিভোজ, এবং বাদ ফজর কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

চিত্রঃ বানৌজা তিতুমীরের কমিশনিং দিবস-২০২৩ এর স্থির চিত্র।

৫। **<u>বানৌজা শের-ই-বাংলার বাৎসরিক বনভোজন-২০২৩ উদযাপন</u>** । গত ১২ ডিসেম্বর ২০২৩ বানৌজা শের-ই-বাংলার বাৎসরিক বনভোজন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ঘাঁটির অধিনায়ক কমডোর মোহাম্মদ জয়নাল আবেদীন (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।বাৎসরিক বনভোজনে ঘাঁটির সকল কর্মকর্তা, নাবিক, অসামরিক কর্মচারী এবং তাদের পরিবারবর্গ অংশগ্রহন করেন।উক্ত বনভোজনে সকলের মাঝে ব্যাপক আনন্দ উচ্ছ্বাস লক্ষ্য করা যায়।

চিত্রঃ বানৌজা শের-ই-বাংলায় বাৎসরিক বনভোজন-২০২৩ এর বিভিন্ন ইভেন্টের স্থির চিত্র।

৬। **<u>বানৌজা উপশমের ব্যবস্থাপনায় ভিটামিন ‘এ’ ক্যাপসুল ক্যাম্পেইন</u>**। গত ১২ ডিসেম্বর ২০২৩ বানৌজা উপশমের ব্যবস্থাপনায় ভিটামিন ‘এ’ ক্যাপসুল ক্যাম্পেইন এর আয়োজন করা হয়।উক্ত ক্যাম্পেইনে বিএনএফডব্লুউএ খুলনা শাখার চেয়্যারম্যান রনিমা ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

চিত্রঃ ভিটামিন ‘এ’ ক্যাপসুল ক্যাম্পেইন এর স্থির চিত্র।

৭। **<u>সোলামে বাৎসরিক বনভোজন-২০২৩ উদযাপন</u>**। গত ১২ ডিসেম্বর ২০২৩ সোলাম প্যারেড গ্রাউন্ডে বাৎসরিক বনভোজন ২০২৩ অনুষ্ঠিত হয়।উক্ত বনভোজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মাসুদ ইকবাল, এনপিপি, এনডিসি, পিএসসি।উক্ত বনভোজনে বিভিন্ন ধরনের খেলাধুলা,সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল-ড্র এর আয়োজন করা হয়।বনভোজনের র‌্যাফেল-ড্র ও খেলাধুলায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিএনএফডব্লিউএ খুলনা এর চেয়ারম্যান রনিমা ইকবাল।

৮। **<u>প্রাক্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল সুলতান আহমেদ এর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ মোনাজাত</u>**।গত ১৫ ডিসেম্বর ২০২৩ কমান্ডার খুলনা নৌ অঞ্চলের সকল মসজিদে প্রাক্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল সুলতান আহমেদ এর মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।উক্ত বিশেষ মোনাজাতে ঘাঁটিস্থ সকল কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।

চিত্রঃ বিশেষ মোনাজাতের স্থির চিত্র।

৯। **<u>বানৌজা মোংলা ও বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) এর বাৎসরিক বনভোজন-২০২৩ উদযাপন</u>**। গত ১৫ ডিসেম্বর ২০২৩ বানৌজা মোংলা ও বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক)এর বাৎসরিক বনভোজন অনুষ্ঠিত হয়।উক্ত বনভোজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মাসুদ ইকবাল, এনপিপি, এনডিসি, পিএসসি।বাৎসরিক বনভোজনে ঘাঁটির সকল কর্মকর্তা, নাবিক, অসামরিক কর্মচারী এবং তাদের পরিবারবর্গ অংশগ্রহন করেন।

চিত্রঃ বানৌজা মোংলা ও বিএন ডকইয়ার্ড মোংলা এর বাৎসরিক বনভোজন-২০২৩ এর বিভিন্ন ইভেন্টের স্থির চিত্র।

১০। **<u>মহান বিজয় দিবস উপলক্ষ্যে বীরশ্রেষ্ট শহীদ রুহুল আমিন এবং বীর বিক্রম শহীদ মহিবুল্লাহ এর মাজারে পুষ্পস্তবক অর্পণ এবং বিশেষ মোনাজাত</u>।** গত ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উপলক্ষে কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক বীরশ্রেষ্ট শহীদ রুহুল আমিন এবং বীর বিক্রম শহীদ মুহীবুল্লাহ এর মাজারে পুষ্পস্তবক অর্পণ ও শহীদগণের আত্মার মাগফেরত কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক পুষ্পস্তবক অর্পণের স্থির চিত্র।

১১। **<u>মহান বিজয় দিবস -২০২৩ উদ্‌যাপন</u>**। গত ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উপলক্ষ্যে খুলনা নৌ অঞ্চলের সকল ঘাঁটিতে বিশেষ চলচ্চিত্র প্রর্দশন করা হয় এবং বাদ যোহর সকল মসজিদে স্বাধীনতা যুদ্ধে আত্নত্যাগকারী শহীদদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

চিত্রঃ চলচ্চিত্র প্রদর্শনী ও বিশেষ মোনাজাতের স্থির চিত্র।

১২। **<u>বানৌজা তিতুমীরে বাৎসরিক বনভোজন-২০২৩ উদযাপন</u>।** গত ১৭ ডিসেম্বর ২০২৩ বানৌজা তিতুমীরে বাৎসরিক বনভোজন-২০২৩ অনুষ্ঠিত হয়।উক্ত বনভোজন অনুষ্ঠানে সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক এবং অসামরিক কর্মকর্তা-কর্মচারীগণ ও তাদের পরিবারবর্গ অংশগ্রহন করেন।কমান্ডার খুলনা নৌ অঞ্চল উক্ত বনভোজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।উক্ত বনভোজনে বিএনএফডব্লিউএ খুলনা শাখার চেয়ারম্যান রনিমা ইকবাল উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন।

চিত্রঃ বানৌজা তিতুমীরে বাৎসরিক বনভোজন-২০২৩ এর বিভিন্ন ইভেন্টের স্থির চিত্র।

১৩। **<u>কুয়েতের আমীর এর মৃত্যুতে বিশেষ মোনাজাত</u>**। গত ১৭ ডিসেম্বর ২০২৩ বাংলাদেশের বন্ধুপ্রতিম দেশ কুয়েতের আমির নওয়াফ আল -আহমদ আল -জাবের আল -সাবাহ মৃত্যুবরণ করেন।এ উপলক্ষ্যে গত ১৮ ডিসেম্বর ২০২৩ রাষ্ট্রীয় শোক পালন ও কালার্স হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং বাদ যোহর কমান্ডার খুলনা নৌ অঞ্চল অধিনস্থ সকল মসজিদে মরহুমের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

নাজাতের

১৪। ংশ হিসে ২০২৩ পর্যন্ত হিরণ পয়েন্ট, মান্দারবাড়িয়া ও তৎসংলগ্ন এলাকায় জরিপ কার্য পরিচালনা করে।



চিত্রঃ জরিপ কার্যক্রমের স্থির চিত্র।

১৫। **<u>বিএনএফডব্লিউএ খুলনা কর্তৃক শীতবস্ত্র বিতরণ</u>**। গত ২৬ ও ২৮ ডিসেম্বর ২০২৩ যথাক্রমে বিএনএফডব্লিউএ খুলনা শাখা ও মোংলা উপশাখা কর্তৃক শীতবস্ত্র বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয়।উক্ত কর্মসূচীতে বিএনএফডব্লিউএ খুলনা শাখার চেয়ারম্যান রনিমা ইকবাল উপস্থিত থেকে অত্র অঞ্চলের অসহায় দুস্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।

তরণে

১৬। **<u>দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে মোতায়েনকৃত নৌবাহিনী কন্টিনজেন্ট এর প্রশিক্ষন</u>**। গত ২৮ ডিসেম্বর ২০২৩ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে বানৌজা তিতুমীরের প্যারেড গ্রাউন্ডে বাংলাদেশ নৌবাহিনী কন্টিনজেন্ট এর প্রশিক্ষন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

র্মসূচির স্থি

১৭। **<u>বিএন লেডিস ক্লাব খুলনা কর্তৃক Desserts Workshop আয়োজন</u>**। গত ৩১ ডিসেম্বর ২০২৩ বিএন লেডিস ক্লাব খুলনা কর্তৃক Desserts Workshop এর আয়োজন করা হয়। উক্ত Desserts Workshop-এ উপস্থিত ছিলেন বিএন লেডিস ক্লাব খুলনার প্রেসিডেন্ট রনিমা ইকবাল।

চিত্রঃ Desserts Workshop এর স্থির চিত্র।

১৮। **<u>বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক)</u>**। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক খুলনা ও মোংলা নৌ অঞ্চলের আওতাধীন জাহাজসমূহের ডিসেম্বর ২০২৩ মাসে বিভিন্ন মেরামত সংশ্লিষ্ট কার্যাদি পরিচালিত হয়। এতদ্‌সংক্রান্ত স্থির চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ

চিত্রঃ বানৌজা আবু বকর এর ডান প্রধান ইঞ্জিনের ১৮টি ইনজেক্টর সার্ভিসিংকরন।

চিত্রঃ বিসিজিএস মনসুর আলী এর ডিজি নং ৩ এর ফুয়েল হাইপ্রেসার পাম্প টেস্টিং ও ক্যালিব্রেশন।

চিত্রঃ বানৌজা দূর্গম এর ডিজি নং ৩ এর ৫টি ইঞ্জেক্টর "ও" রিং এবং ১টি ইঞ্জেক্টর পরিবর্তন করার স্থির চিত্র।

চিত্রঃ বানৌজা আবু বকর এর Tx/Rx CODAN এর মেরামত কার্য চলমান।